

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫৭১ ৫/ পবিত্রতা ও পরিচ্ছন্নতা পরিচ্ছেদঃ তায়াম্মুম

আরবী

جَاءَ رَجُلٌ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَقَالَ إِنِي أَجْنَبْتُ فَلَمْ أُصِبْ الْمَاءَ فَقَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ أَمَا تَذْكُرُ أَنَّا كُنَّا فِي سَفَرٍ أَنَا وَأَنْتَ فَأَمَّا أَنْتَ فَلَمْ تُصلِّ وَأَمَّا أَنَا فَتَمَعَّكْتُ فَصَلَّيْتُ فَذَكَرْتُ لِلنَّبِيِّ عَيَالِ فَقَالَ النَّبِيُّ عَيَالِ إِنَّمَا كَانَ يَكْفِيكَ هَكَذَا) فَضَرَبَ فَتَمَعَّكْتُ فَصَلَّيْتُ فَكُرْتُ لِلنَّبِيِّ عَيَالِ فَقَالَ النَّبِيُ عَيَالِ إِنَّمَا كَانَ يَكْفِيكَ هَكَذَا) فَضَرَبَ النَّبِيُ عَيَالِ بِكَفَيْهِ بِكَفَيْهِ بِكَفَيْهِ الْأَرْضَ وَنَفَحَ فِيهِمَا ثُمَّ مَسَحَ بِهِمَا وَجُهَهُ وَكَفَيْهِ

বাংলা

(৫৭১) উমার বিন খাত্তাব (রাঃ) ও আম্মার বিন ইয়াসের (রাঃ) এর কাহিনী। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন প্রয়োজনে উভয়কে কোথাও পাঠিয়েছিলেন। সফরে উমার ও আম্মার উভয়েই (স্বপ্পদোষ হওয়ার ফলে) অপবিত্র হয়ে যান। (পানি ছিল না কাছে।) আম্মার (রাঃ) নিজ ইজতিহাদে স্থির করলেন যে, পানি যেমন দেহকে পবিত্র করে, তেমনি মাটিও করবে। ফলে তিনি পশুর মাটিতে গড়াগড়ি দেওয়ার মত গড়াগড়ি দিলেন। কারণ, তিনি সর্ব শরীরে মাটি লাগানো জরুরী মনে করলেন, যেমন সারা শরীরকে পানি দিয়ে ধোয়া ওয়াজেব। সূতরাং তিনি ঐভাবে পবিত্রতা অর্জন করে নামায আদায় করলেন।

পক্ষান্তরে উমার (রাঃ) নামাযই পড়লেন না। অতঃপর যখন তাঁরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে উপস্থিত হলেন, তখন (ঘটনা জেনে) তিনি তাঁদেরকে সঠিক সিদ্ধান্ত জানিয়ে দিলেন। আম্মার (রাঃ) কে বললেন, তুমি তোমার হাত দ্বারা এইরূপ করলেই যথেষ্ট হত। এই বলে তিনি নিজের উভয় হাতকে মাটিতে একবার মারলেন। অতঃপর (তাতে ফুঁক দিয়ে) উভয় হাত দ্বারা চেহারা মাসাহ করলেন। তারপর বাম হাতের চেটো দ্বারা ডান হাতের এবং ডান হাতের চেটো দ্বারা বাম হাতের চেটো মাসাহ করলেন।

ফুটনোট

(বুখারী ৩৩৮, ৩৪৭, মুসলিম ৮৪৪, মিশকাত ৫২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন